Bank Asia

ব্যাংক এশিয়া

# ব্যক্তিক হিসাব খোলার আবেদন ফরম

# Personal Account Opening Form

- ☐ সঞ্চয়ী হিসাব / Savings Account
- ☐ চলতি হিসাব / Current Account
- ☐ এস এন ডি হিসাব / SND Account
- ☐ স্টার সেভিংস হিসাব / Star Savings Account
- ☐ দুরন্ত (স্কুল ব্যাংকিং) হিসাব / Duronto (School Banking) Account
- ☐ অন্যান্য / Others ____________

নাম :
Name: ____________________

হিসাব নং :
Account No.: | | | | | | | | | | | | | |

গ্রাহক আই ডি :
Customer ID: | | | | | | | | |

www.bankasia-bd.com

তারিখ / Date D D M M Y Y Y Y

(ব্যাংকের ব্যবহারের জন্য)
**(For Bank use)**

হিসাব নম্বর
A/C No.

ইউনিক গ্রাহক আইডি কোড
Unique Customer ID Code

বরাবর, / To,
ব্যবস্থাপক / Head of Branch

ব্যাংক এশিয়া পিএলসি / Bank Asia PLC.

শাখা / উইন্ডো / এজেন্ট
Branch / Window / Agent

প্রিয় মহোদয়/মহোদয়া, Dear Sir / Madam,
আমি/আমরা আপনার শাখায় একটি হিসাব খোলার জন্য আবেদন করছি। আমার/আমাদের হিসাব সংক্রান্ত ও ব্যক্তিগত বিস্তারিত তথ্য নিম্নে প্রদান করছিঃ
I/We hereby request to open an account with your Branch in my/our name(s) as per detailed information furnished below:

আপনার কি আমাদের ব্যাংকের সাথে বিদ্যমান কোন হিসাব রয়েছে ? ☐ হ্যাঁ Yes যদি হ্যাঁ হয়, অনুগ্রহ করে আপনার হিসাব নম্বর লিখুন। ☐ না No
Do you have an existing account with our Bank ? If Yes, Please write your account no.

## প্রথম অংশঃ / Part-1 হিসাব সংক্রান্ত তথ্যাদি / Account Related Information

০১ হিসাবের শিরোনাম ঃ বাংলায় Title of the Account: (In Bengali)

In English (BLOCK Letters)

০২ হিসাবের প্রকৃতি (টিক দিন) ঃ Type of Account (Please tick) : ☐ সঞ্চয়ী Savings ☐ চলতি Current ☐ এসএনডি SND ☐ এফসি FC ☐ আরএফসিডি RFCD ☐ এনএফসিডি NFCD ☐ অন্যান্য Others

০৩ মুদ্রা (টিক দিন) ঃ Currency (Please tick) : ☐ টাকা BDT ☐ ডলার USD ☐ ইউরো EUR ☐ পাউন্ড GBP ☐ অন্যান্য Others

০৪ হিসাব পরিচালনা পদ্ধতি (টিক দিন)ঃ/Account Operating Instruction (Please tick) ☐ এককভাবে Singly ☐ যৌথভাবে Jointly ☐ যে কোন একজন Any One ☐ যে কোন একজন অথবা জীবিতজন Either or Survivor ☐ অন্যান্য Other

০৫ প্রাথমিক জমার পরিমান ঃ (অংকে) Initial Deposit Amount (in Figures) কথায় In Words

০৬ চেক বই (টিক দিন) ঃ Cheque Book ☐ হ্যাঁ Yes ☐ না No (হ্যাঁ হলে চেকের পাতার সংখ্যা) (if yes Number of leaves)

০৭ ইন্টারনেট ব্যাংকিং (টিক দিন) ঃ Internet Banking (Please tick) ☐ হ্যাঁ Yes ☐ না No

০৮ ডেবিট কার্ড (টিক দিন) ঃ Debit Card (Please tick) ঃ ☐ হ্যাঁ Yes ☐ না No

## দ্বিতীয় অংশঃ / Part-2 ব্যক্তি সংক্রান্ত তথ্যাদি[১] / Applicant's Personal Information[1]

০১ হিসাবধারীর নাম (বাংলায়) Name of Account holder ( in Bengali )

In English (BLOCK Letters)

(ব্যাংকের ব্যবহারের জন্য) / (For Bank Use)
ইউনিক গ্রাহক আইডি কোড / Unique Customer ID Code

হিসাব নম্বর / Account Number

০২ জন্ম তারিখ Date of Birth D D M M Y Y Y Y ধর্ম Religion

০৩ পিতার নাম Father's Name

০৪ মাতার নাম Mother's Name

০৫ স্বামী/ স্ত্রী'র নাম Spouse's Name

০৬ জাতীয়তা Nationality
(হিসাবধারী বিদেশী নাগরিক হলে ভিসাসহ পাসপোর্টের কপি আবশ্যিকভাবে গ্রহন করতে হবে)
(For foreign citizens, copy of passport with VISA must be collected.)

০৭ লিঙ্গ (টিক দিন) Gender (Please tick): ☐ পুরুষ Male ☐ মহিলা Female ☐ তৃতীয় লিঙ্গ Third Gender

০৮ রেসিডেন্ট স্ট্যাটাস (টিক দিন) Resident Status (Please tick): ☐ রেসিডেন্ট Resident ☐ নন-রেসিডেন্ট Non-resident
(প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যাংক কর্তৃক গাইডলাইন ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশনস্ এর নির্দেশনা অনুসরণ করতে হবে)
(Where necessary, the Bank shall follow instructions of Guidelines for Foreign Exchange Transactions.)

০৯ পেশা (বিস্তারিত) Occupation (Details)

১০ মাসিক আয় Monthly Income

১১ অর্থের উৎস (বিস্তারিত) Source of Fund (Details) ☐ বেতন Salary ☐ কৃষি Agriculture ☐ নিজস্ব ব্যবসা Own Business ☐ উপহার/উত্তরাধিকার/বিনিয়োগের রিটার্ন Gift / Inheritance / Return of Investment ☐ অন্যান্য Other

(বিস্তারিত) Details of Source of Fund

১২ ট্যাক্স আইডি নম্বর (যদি থাকে) E-TIN No. ( If Applicable )

রিটার্ন দাখিলের প্রমাণ ঃ Proof of Submission of Return (PSR) ☐ না No ☐ হ্যাঁ Yes
কর বর্ষ Assesment Year
ক্রমিক নং ও তারিখ SL no & date

১৩ (ক) বর্তমান ঠিকানা ঃ (A) Present Address :

সড়ক/গ্রাম Road / Village

পোষ্ট P.O. | থানা P.S. | জেলা District | পোষ্ট কোড Post Code

ফোন/মোবাইল নম্বর Phone / Mobile No | ইমেইল E-mail

(খ) স্থায়ী ঠিকানা ঃ / Permanent Address:

সড়ক/গ্রাম Road / Village

পোষ্ট P.O. | থানা P.S. | জেলা District | পোষ্ট কোড Post Code

১ হিসাবধারী একাধিক হলে প্রত্যেকের এবং হিসাবধারী নাবালক হলে হিসাবধারীর অভিভাবক (বাবা অথবা মা অথবা অন্য কোনো আইনগত অভিভাবক) এর ব্যক্তি সংক্রান্ত তথ্যাদি পৃথকভাবে দ্বিতীয় অংশের সংলগ্নী হিসেবে যুক্ত করতে হবে।
1. If there are multiple account holders, the personal information of each account holder and the guardian (father or mother or any other legal guardian) of the minor account holder should be obtained separately in Part Two **as its attachment.**

(১৪) পরিচিতিপত্র / Identity Document

(ক) এনআইডি/পাসপোর্ট/জন্ম নিবন্ধন নম্বর। NID/ Passport/Birth Registration No.

(খ) অন্যান্য ২ (নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে)। Others [2] (to be specified).

(গ) পরিচয়দানকারীর তথ্য (জাতীয় পরিচয়পত্র ব্যতীত অন্যান্য পরিচিতিপত্র প্রদানের ক্ষেত্রে)
Details of Introducer (in case of providing of identity card other than NID card).

নাম ঃ Name :

হিসাব/জাতীয় পরিচয়পত্র নম্বর (জন্ম তারিখসহ) Account/National Identity Number (with date of birth)

স্বাক্ষর (তারিখসহ) / Signature (with date)

স্বাক্ষর (তারিখসহ) Signature (with date)

## মার্কিন যুক্তরাষ্ট্র সরকার কর্তৃক প্রণীত (FATCA) বৈদেশিক হিসাবের কর বিষয়ক আইন / Foreign Account Tax Compliance Act (FATCA) ঃ

নিম্নলিখিত প্রতিটি প্রশ্নের জন্য হ্যাঁ বা না টিক "√" দিন ঃ Please tick "√" Yes or No for each of the following questions:

১.আপনি কি মার্কিন যুক্তরাষ্ট্রের বাসিন্দা? 1. Are you a U.S. Resident? ☐ হ্যাঁ Yes ☐ না No

২.আপনি কি মার্কিন যুক্তরাষ্ট্রের নাগরিক? 2. Are you a U.S. Citizen? ☐ হ্যাঁ Yes ☐ না No

৩.আপনি কি মার্কিন যুক্তরাষ্ট্রের স্থায়ী অভিবাসী কার্ড (গ্রীন কার্ড)ধারী? 3. Are you holding a U.S. Permanent Resident Card (Green Card)? ☐ হ্যাঁ Yes ☐ না No

প্রচলিত আইন অনুযায়ী আমি ব্যাংক এশিয়া পিএলসিকে আমার আয়কর তথ্য প্রাসঙ্গিক আন্তর্জাতিক বা অভ্যন্তরীণ নিয়ন্ত্রণকারী সংস্থার নিকট প্রকাশের অনুমতি দিচ্ছি। অভ্যন্তরীণ বা আন্তর্জাতিক নিয়ন্ত্রণকারী সংস্থা অথবা আয়কর কর্তৃপক্ষের প্রয়োজন অনুযায়ী; আমি এই মর্মে অনুমোদন দিচ্ছি বা স্বীকার করছি যে, প্রচলিত নিয়মের আওতায় ব্যাংক আমার হিসাব থেকে কর হিসেবে নির্দিষ্ট পরিমাণ টাকা কেটে রাখতে পারবে। আমি ব্যাংক কে যে তথ্য দিয়েছি তাতে কোন পরিবর্তন হলে ৩০ ক্যালেন্ডার দিনের মধ্যে ব্যাংককে অবহিত করার অঙ্গীকার করছি।

Subject to applicable local laws, I/We hereby consent for Bank Asia PLC. or any of its affiliates (including branches) ( collectively "the Bank") to share my/our information with domestic or overseas regulators or tax authorities where necessary to establish my tax liability in any jurisdiction. Where required by domestic or overseas regulator or tax authorities, I/We consent and agree that the Bank may withhold from my account(s) such amounts as may be required according to applicable laws, regulations and directives.
I/We undertake to notify the Bank within 30 calendar days if there is a change in any information which I have provided to the Bank.

## তৃতীয় অংশঃ / Part-3 নমিনি সংক্রান্ত তথ্যাদি ৩ / Nominee(s)[3] Related Information

(১) নমিনি সংক্রান্ত তথ্যাবলী ঃ Nominee Information :

(ব্যাংকের ব্যবহারের জন্য) (For Bank use)

হিসাব নম্বর A/C No

ইউনিক গ্রাহক আইডি কোড Unique Customer ID Code

আমি/আমরা এ হিসাবের অর্থ আমার/আমাদের মৃত্যুর পর নিম্নে বর্ণিত ব্যক্তি/ব্যক্তিগণকে প্রদানের জন্য মনোনীত করলাম। আমি/আমরা উল্লিখিত মনোনয়ন যে কোন সময় বাতিল বা পরিবর্তনের অধিকার সংরক্ষণ করি। আমি/আমরা এই মর্মে আরো সম্মতি জ্ঞাপন করছি যে, আমার/আমাদের এ নির্দেশনা মোতাবেক ব্যাংক অর্থ প্রদান করবে এবং অর্থ পরিশোধ করা হলে সংশ্লিষ্ট আমানত সম্পর্কিত যাবতীয় দায় পরিশোধ হয়েছে বলে গণ্য হবে।

**I/We hereby designate the proceeds of this account to be paid to the following person(s) after my/our death. I/We reserve the right to cancel or modify the said nomination at anytime. I/We further agree that the Bank shall make payment as per my/our instructions and payment shall be deemed to discharge all liabilities related to the respective deposit.**

(ক) নমিনির নাম Name of nominee

জন্ম তারিখ Date of Birth D D M M Y Y Y Y

ফোন/মোবাইল নম্বর Phone/Mobile No

(খ) পিতার নাম Father's Name

(গ) মাতার নাম Mother's Name

(ঘ) বর্তমান ঠিকানা ঃ Present Address:

পোষ্ট কোড Post Code

স্থায়ী ঠিকানা ঃ Permanent Address:

পোষ্ট কোড Post Code

(ঙ) শতকরা হার Percentage

(চ) হিসাবধারীর সাথে সম্পর্ক Relationship with account holder

(ছ) পেশা Profession

ধর্ম Religion

(জ) এনআইডি/পাসপোর্ট/জন্ম নিবন্ধন নম্বর / অন্যান্য (নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে) NID/ Passport/ Birth Registration No. / Others (to be specified).

হিসাবধারী কর্তৃক সত্যায়িত নমিনির ছবি
Photo of the nominee attested by the account holder

(২) নমিনি নাবালক হলে তার/তাদের নাবালক থাকা অবস্থায় হিসাবধারী/হিসাবধারীগণের মৃত্যুর ক্ষেত্রে ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ১০৩ (২) ধারা অনুযায়ী নমিনির পক্ষে আমানতের অর্থ গ্রহণকারীর তথ্য
In case of the death of the account holder if the nominee is minor, details of the recipient on behalf of the minor nominee to be provided below as per section 103(2) of The Bank Company Act, 1991

(ক) অভিভাবক এর নাম ঃ Name of the Guardian :

জন্ম তারিখ Date of Birth D D M M Y Y Y Y

ফোন/মোবাইল নম্বর Phone/Mobile No

(খ) পিতার নাম Father's Name

(গ) মাতার নাম Mother's Name

(ঘ) বর্তমান ঠিকানা ঃ Present Address:

পোষ্ট কোড Post Code

স্থায়ী ঠিকানা ঃ Permanent Address:

পোষ্ট কোড Post Code

(ঙ) পেশা Profession

(চ) নমিনির সাথে সম্পর্ক Relationship with Nominee

(ছ) এনআইডি/পাসপোর্ট/জন্ম নিবন্ধন নম্বর / অন্যান্য (নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে) NID/ Passport/ Birth Registration No. / Others (to be specified).

২ শুধুমাত্র ফাইন্যান্সিয়াল ইনক্লুশন প্রোডাক্টের ক্ষেত্রে ব্যাংকের নিকট গ্রহণযোগ্য কোনো পরিচিতিপত্র।
2. Only in the case of financial inclusion products, any identity card that is acceptable to the bank.
৩ নমিনি একাধিক হলে প্রত্যেকের নমিনি সংক্রান্ত তথ্যাদি পৃথকভাবে তৃতীয় অংশে বা তৃতীয় অংশের সংলগ্নী হিসেবে যুক্ত করতে হবে।
3 If there are multiple nominees, the information regarding each nominee should be added separately in the third partas attachment of the third part.

## চতুর্থ অংশঃ / Part-4 ঘোষণা ও স্বাক্ষর / Declaration & Signature

আবেদনকারী (গণ)[৪] এর নাম, স্বাক্ষর ও তারিখ ঃ আমি/আমরা সজ্ঞানে ঘোষণা করছি যে, উল্লিখিত তথ্যাদি সত্য। আমি/আমরা ব্যাংকের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় তথ্য/দলিলাদি সরবরাহ করব।
Name & signature with date of the applicant(s)[4] ঃ I/We, the undersigned, declare that the information provided above is true, complete and accurate. I/We will provide necessary information/documents which may be required by the bank.

হিসাব পরিচালনা পদ্ধতি ঃ / Mode of Operation : ☐ এককভাবে / Singly ☐ যৌথভাবে / Jointly ☐ যে কোন একজন / Any One ☐ যে কোন একজন অথবা জীবিতজন / Either or Survivor ☐ অন্যান্য / Others [Please Specify]

হিসাব নম্বর ঃ / A/C No: ______ ইউনিক গ্রাহক আইডি কোড / Unique Customer ID Code: ☐☐☐☐☐☐☐☐

হিসাবের শিরোনাম ঃ / Title of the Account: ______ শাখা / উইন্ডো / এজেন্ট / Branch/Window/Agent: ______

| এখানে ছবি সংযুক্ত করুন (১ম আবেদনকারী) Please attach photograph here (1st Applicant) | এখানে ছবি সংযুক্ত করুন (২য় আবেদনকারী) Please attach photograph here (2nd Applicant) | এখানে ছবি সংযুক্ত করুন (৩য় আবেদনকারী) Please attach photograph here (3rd Applicant) |
|---|---|---|
| স্বাক্ষর / Signature | স্বাক্ষর / Signature | স্বাক্ষর / Signature |
| | | |
| | | |
| নাম ঃ / Name : | নাম ঃ / Name : | নাম ঃ / Name : |
| তারিখ ঃ / Date : | তারিখ ঃ / Date : | তারিখ ঃ / Date : |
| ইউনিক গ্রাহক আইডি কোড ঃ / UCIC : | ইউনিক গ্রাহক আইডি কোড ঃ / UCIC : | ইউনিক গ্রাহক আইডি কোড ঃ / UCIC : |

## ব্যাংকের ব্যবহারের জন্য
## FOR BANK USE

মন্তব্য ঃ Comment:

সেক্টর কোড ঃ / Sector Code : ______ ডিপোজিট কোড ঃ / Deposit Code : ______ হিসাব সম্পর্ক কর্মকর্তার কোড ঃ / ARO Code : ______

নিয়োগ কর্তার কোড (পেরোল গ্রাহকের জন্য) ঃ / Employer Code ( For Payroll Client) : ______ কর্মী সনাক্তকরণ নম্বর (ষ্টাফ একাউন্টের ক্ষেত্রে) ঃ / Employee ID ( For Staff A/C ) : ______

| হিসাব খোলার সাথে সংশ্লিষ্ট কর্মকর্তার নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ / Signature with date & seal with name of Account Opening Officer | অনুমোদনকারী কর্মকর্তার নামযুক্ত সীলসহ স্বাক্ষর ও তারিখ / Signature with date & seal with name of Approving Officer |
|---|---|

৪ হিসাবধারী নাবালক হলে আবেদনকারীর স্বাক্ষরের স্থলে হিসাবাধারীর অভিভাবক স্বাক্ষর করবেন।
4. If the account holder is a minor, the guardian of the account holder will sign in place of the signature of the applicant.

ব্যাংক এশিয়া

# হিসাব পরিচালনা ও নিয়ন্ত্রণের জন্য সাধারণ শর্তাবলী
# (Terms and conditions for operation of accounts)

১. বাংলাদেশে প্রচলিত আইন ও ব্যাংকিং রীতি নীতি অনুযায়ী হিসাবটি পরিচালিত ও নিয়ন্ত্রিত হবে।
(The account shall be opened and operated in accordance with the prevailing laws of Bangladesh and established banking rules, regulations and practices.)

২. এটা ধরে নেওয়া হবে যে, যিনি হিসাবটি খুলবেন তিনি হিসাবটি পরিচালনার জন্য প্রচলিত নিয়মাবলী সম্পর্কে অবগত আছেন এবং তা মেনে চলতে সম্মত আছেন। (It shall be deemed that the account holder is fully aware of and agrees to comply with all applicable rules and procedures relating to account operation.)

৩. প্রাপ্ত বয়স্ক, সুস্থ মস্তিষ্ক সম্পন্ন এবং দেউলিয়া নয় এমন যে কোন বাংলাদেশি নাগরিক নিজ নামে বা যৌথ নামে ব্যাংক হিসাব খুলতে পারবেন ও সেবা নিতে পারবেন। (Any Bangladeshi citizen who is of legal age, of sound mind and not declared insolvent may open a bank account in his/her own name or jointly and avail banking services.)

৪. যে কোন নিরক্ষর ব্যক্তি প্রচলিত নিয়ম অনুসরণ করে হিসাব খুলতে পারবেন। নিরক্ষর ব্যক্তির KYC সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে কেবলমাত্র আমানতকারীর ব্যক্তিগত উপস্থিতিতে হিসাব হতে টাকা উত্তোলন করা যাবে। (An illiterate person may open an account by following the prescribed procedures. KYC requirements must be duly completed. Withdrawal from such account shall be permitted only in the presence of the account holder.)

৫. যে কোন দৃষ্টিশক্তিহীন ব্যক্তি নিজের পছন্দ অনুযায়ী অন্য কোন ব্যক্তির সহায়তায় প্রচলিত পদ্ধতি অনুসরণ করে ব্যাংক হিসাব খুলতে পারবেন। গ্রাহক এবং সহায়তাকারী উভয়ের KYC করতে হবে এবং অর্থ উত্তোলনের সময় উভয়কে সশরীরে উপস্থিত থাকতে হবে। (Visually impaired persons may open accounts with assistance from another person of their choice following the prevailing procedures, subject to completion of KYC for both parties. Both must be physically present at the time of withdrawal.)

৬. প্রচলিত পদ্ধতি অনুসরণ করে পর্দানশীন মহিলার ব্যাংক হিসাব খোলা যাবে। হিসাব খোলার সময় শাখা ব্যবস্থাপক/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তার সম্মুখে গ্রাহক সশরীরে উপস্থিত হবে এবং তার পরিচিতি নিশ্চিত করতে হবে। (Accounts for pardah-observing women may be opened in accordance with prevailing procedures. At the time of account opening, the customer must be physically present before the Branch Manager or designated officer for proper identification.)

৭. হিসাব খোলার "প্রারম্ভিক স্থিতি/জমা" বিষয়টি ব্যাংকের নিয়মনীতি অনুযায়ী পরিচালিত হবে।
(The initial deposit required for account opening shall be governed by the bank's prevailing rules and policies.)

৮. হিসাবের "ন্যূনতম স্থিতি" ব্যাংকের নিয়মনীতি অনুযায়ী পরিচালিত হবে।
(The minimum balance requirement of the account shall be governed by the bank's prevailing rules and policies.)

৯. হিসাব খুলতে আগ্রহী ব্যক্তির জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/জন্ম নিবন্ধন সনদপত্র-এই তিনটির মধ্যে আবশ্যিকভাবে যে কোন একটি দলিল প্রদান করতে হবে। তবে জন্ম নিবন্ধন সনদ প্রদানের ক্ষেত্রে সমাজের গণ্যমান্য ব্যক্তি কর্তৃক প্রদত্ত/সত্যায়িত আলোকচিত্রসহ অন্য যে কোন পরিচিতিপত্র প্রদান করতে হবে। এ ক্ষেত্রে হিসাব খোলার ফরমে 'পরিচয়দানকারীর তথ্য' অংশে একজন যোগ্য ব্যক্তি আবেদনকারীকে সনাক্ত করবেন। (Any customer intending to open account has to submit either of the 3 documents, i.e., NID/Passport/ Birth Registration Certificate (BRC). In case of opening account with BRC, an eminent person in the society must attest some other identity document of the applicant including his/her photograph. In such case, a qualified person must identify the applicant in the section titled "Details of Introducer".)

১০. নাবালকের নামে হিসাব খোলা যাবে। সেক্ষেত্রে তার অভিভাবক কর্তৃক হিসাবটি পরিচালিত হবে। তবে নাবালক হিসাবধারী প্রাপ্ত বয়স্ক হলে হিসাবধারী কর্তৃক হিসাবটি পরিচালিত হবে। সেক্ষেত্রে নতুন হিসাব খোলার ফরম পূরণপূর্বক হিসাবধারীর সদ্য তোলা ছবি, পরিচিতিপত্রের কপি ইত্যাদি সহ অন্যান্য সকল প্রয়োজনীয় দলিলাদি সংরক্ষণ করতে হবে। (Accounts may be opened in the name of a minor. Such accounts shall be operated by the guardian. Upon attaining majority, the account shall be operated by the account holder. In that case, Completed AOF with all required documents including recent photograph, NID/Passport/Birth Registration Certificate etc. must be submitted and retained.)

১১. নাবালক ও অভিভাবক উভয়ের ক্ষেত্রে "ব্যক্তি সংক্রান্ত তথ্যাদি" ফরম পূরণ করতে হবে এবং উভয় ফরমেই আবেদনকারীর স্বাক্ষরের স্থলে অভিভাবকের পূর্ণ নাম ও স্বাক্ষর করতে হবে। ("Personal Information" forms must be completed for both the minor and the guardian. The guardian's full name and signature must appear on both forms.)

১২. প্রতিটি হিসাবের জন্য একটি করে হিসাব নম্বর প্রদান করা হবে। ব্যাংকের নিকট প্রেরিত প্রতিটি চিঠি, নথি ও জমা স্লিপ এ উক্ত হিসাব নম্বরটি সঠিকভাবে লিখতে হবে। হিসাব নম্বর ভুল প্রদানের জন্য যদি কোন তথ্য ভুল হয় তার জন্য ব্যাংক দায়ী থাকবে না।
(A unique account number shall be assigned to each account. The correct account number must be clearly mentioned on all correspondence, documents and deposit slips submitted to the bank. The bank shall not be responsible for any error or loss arising from providing incorrect account number.)

১৩. ব্যাংকের প্রচলিত নিয়ম অনুযায়ী হিসাবে প্রদেয় সুদ/মুনাফা, পরিচালনা ব্যয়, সার্ভিস চার্জ, এসএমএস চার্জ, ফি ইত্যাদি সময়ে সময়ে ব্যাংক কর্তৃক নির্ধারণ করা হবে এবং তা ব্যাংকের নিজস্ব ওয়েবসাইটে প্রদর্শিত হবে। (Interest/profit payable, service charges, account maintenance fees, SMS charges etc. shall be determined by the bank from time to time according to its policies which shall be displayed on the bank's website.)

১৪. চলতি হিসাবে কোনরূপ সুদ/মুনাফা প্রদান করা হবে না।
(No interest or profit shall be payable on current accounts.)

১৫. সরকার/বাংলাদেশ ব্যাংক/যথাযথ কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী যে কোন কর, চার্জ, শুল্ক ইত্যাদি সংশ্লিষ্ট হিসাব থেকে কর্তন করা যাবে। (Any tax, duty, charge or levy imposed by the Government, Bangladesh Bank or competent authority shall be deducted from the account as applicable.)

১৬. সম্ভাব্য বর্তমান অথবা ভবিষ্যৎ কোন দায় দেনা পরিশোধের জন্য ব্যাংকে পরিচালিত গ্রাহকের যে কোন হিসাবের স্থিতি বিবেচনা করা হবে অথবা তা নিরাপত্তা জামানত হিসাবে ব্যবহার করা যাবে। (For settlement of any present or future liabilities of the customer, the bank may consider and utilize the balance of any account maintained by the customer as security, in accordance with applicable laws.)

১৭. গ্রাহকের নিকট প্রেরিত কোন হিসাব বিবরণী সম্পর্কে প্রেরণের তারিখ হতে ১৫ দিনের মধ্যে গ্রাহক যদি লিখিত কোন অভিযোগ দাখিল না করেন তবে তা গৃহীত হয়েছে বলে ধরে নেওয়া হবে। ডাক সমস্যার কারণে কোন পত্র প্রাপ্তিতে বিলম্ব/হস্তগত না হলে ব্যাংক দায়ী থাকবে না। (Any account statement sent to the customer shall be deemed accepted unless a written objection is lodged within fifteen (15) days from the date of dispatch. The bank shall not be responsible for delays or non-receipt due to postal or delivery issues.)

১৮. কোন হিসাবে ম্যান্ডেট প্রদান করলে ব্যাংকের নির্দিষ্ট ফরম ও নিয়ম নীতি প্রযোজ্য হবে।
(If any mandate is provided for an account, the bank's prescribed forms, rules and procedures shall apply.)

১৯. নির্দিষ্ট আনুষ্ঠানিকতা সম্পূর্ণ করা না হলে গ্রাহককে চেকবই প্রদান করা হবে না। ব্যাংক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ইস্যুকৃত চেকবই সংগ্রহ করতে হবে, অন্যথায় ব্যাংক চেকবইটি বাতিল বা ধ্বংস করতে পারে। (Cheque books shall be issued only upon completion of all required formalities. Customer must collect the issued Cheque book within the Bank-specified timeframe, otherwise the Bank may cancel or destroy the uncollected Cheque book.)

২০. গ্রাহক তাঁর নিকট গচ্ছিত চেক বইয়ের সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করবেন। পর্যাপ্ত নিরাপত্তার অভাবে গ্রাহকের চেক দ্বারা কোনরূপ ক্ষতি সংগঠিত হলে ব্যাংক তার জন্য কোনোভাবে দায়ী থাকবে না। চেক বই হারিয়ে গেলে তা তৎক্ষণাৎ ব্যাংকের নিকট লিখিতভাবে জানাতে হবে। (The customer shall ensure the safekeeping of cheque books. The bank shall not be liable for any loss arising from misuse of any cheque leaf due to the customer's negligence. Loss of a cheque book must be reported immediately to the bank in writing.)

২১. অন্য কোন ব্যাংকের অথবা বাইরের শাখার কোন চেক পরিশোধের জন্য ব্যাংকের নিকট উপস্থাপন করা হলে তা শুধুমাত্র সংগ্রহ সাপেক্ষে হিসাবে জমা করা হবে। প্রযোজ্য ক্ষেত্রে সার্ভিস চার্জ আরোপ করা হবে। (Cheques drawn on other banks or outstation branches shall be credited on a collection basis only, subject to applicable service charges.)

২২. ব্যাংকের মতে যদি কোন হিসাব সন্তোষজনকভাবে পরিচালিত না হয়, তাহলে বিনা নোটিশেই ঐ হিসাব বন্ধ করার অধিকার ব্যাংক সংরক্ষণ করে। তাছাড়া অন্য কোন কারণেও ব্যাংক যে কোন হিসাব বন্ধ করতে পারে এবং এসব কারণ গ্রাহকের নিকট প্রকাশ করতে ব্যাংক বাধ্য নয়। (If an account is not operated satisfactorily, the bank reserves the right to close the account without any prior notice. The bank may also close any account for other reasons and is not obliged to disclose such reasons.)

২৩. ইপিজেড ও অফশোর ব্যাংকিং ইউনিট-এর হিসাবের লেনদেন/কার্যক্রম বেপজা/ইপিজেড/বাংলাদেশ ব্যাংক/বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন ও আন্তর্জাতিক অফশোর ব্যাংকিং নিয়মনীতি অনুযায়ী পরিচালিত হবে। (Accounts under EPZ and Offshore Banking Units shall be governed by BEPZA/EPZ authorities/Bangladesh Bank/the Foreign Exchange Regulation Act and applicable international offshore banking rules.)

২৪. সকল এফসি, কনভারটেবল, নন-কনভারটেবল, নিটা, ব্লকড টাকা হিসাব বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন ও বাংলাদেশ ব্যাংক বিধি বিধান অনুযায়ী পরিচালিত হবে। (All FC, convertible, non-convertible, NITA, Blocked Taka and similar accounts shall be operated in accordance with the Foreign Exchange Regulation Act and Bangladesh Bank regulations.)

........................
গ্রাহকের স্বাক্ষর ও তারিখ
(Signature of the customer with date)

২৫. নমিনির ছবির পিছনে নমিনির নাম থাকতে হবে এবং তা হিসাবধারী কর্তৃক সত্যায়িত করতে হবে। (Nominee's name must be written on the reverse side of the nominee's photograph which must be duly attested by the account holder.)

২৬. আমানতকারীর মৃত্যুর পর নিয়ম অনুযায়ী তাঁর মনোনীত ব্যক্তি (নমিনি) গচ্ছিত টাকা গ্রহণ করতে পারবেন। একাধিক মনোনীত ব্যক্তির ক্ষেত্রে গ্রাহক কর্তৃক নির্ধারিত অংশের হারে গচ্ছিত টাকা প্রদেয় হবে। তবে এ ক্ষেত্রে মনোনীত ব্যক্তি/ব্যক্তিবর্গকে তার/তাদের মনোনয়নের স্বপক্ষে যথাযথ প্রমাণ উপস্থাপন করতে হবে। (Upon the death of the account holder, the nominated person(s) shall be entitled to receive the deposited amount in accordance with applicable rules. In case of multiple nominees, payment shall be made as per the proportions specified, subject to presentation of proper evidence in favor of the nomination)

২৭. গ্রাহকের ঠিকানা, টেলিফোন নম্বর কিংবা অন্য কোন তথ্যাদি পরিবর্তন হলে তা অবশ্যই অনতিবিলম্বে ব্যাংকের নিকট লিখিতভাবে জানাতে হবে। (Any change in the customer's address, contact or others details must be promptly notified to the bank in writing.)

২৮. হিসাবটি দেশের প্রচলিত মানিলন্ডারিং প্রতিরোধ আইন ও সন্ত্রাস বিরোধী আইনের আওতায় পরিচালিত হবে এবং হিসাবের যে কোন প্রকার তথ্য/তথ্যাদি/দলিল চাহিবামাত্র গ্রাহক দিতে বাধ্য থাকিবেন। (The account shall be opened and operated subject to the prevailing Money Laundering Prevention Act and Anti-Terrorism Act of Bangladesh. The customer shall be obliged to provide any required information/documents upon request by the bank or competent authority.)

২৯. ব্যাংকের নিজস্ব নিয়মনীতি অনুযায়ী সঞ্চয়ী এবং এস এন ডি হিসাবে সুদ প্রদেয় হবে। (Interest in Savings and SND Accounts shall be payable as per the bank's prevailing rules and policies.)

৩০. দুরন্ত (স্কুল ব্যাংকিং) Duronto (School Banking Account)

i) শুধুমাত্র অনূর্ধ্ব ১৮ বছর বয়সের ব্যক্তি এই হিসাব খুলতে পারবেন। যৌথ হিসাবের ক্ষেত্রে অভিভাবক সহ সর্বোচ্চ ২ (দুই) জন যৌথ নামে এই হিসাব খুলতে পারবেন। (Only individuals below 18 years of age may open this account. Such account may also be opened in joint name [maximum 2 persons] with the guardian.)

ii) হিসাবধারীর ১৮ (আঠারো) বছর বয়স পর্যন্ত তাঁর অভিভাবক (সাধারণত পিতা/মাতা) হিসাব পরিচালনা করবেন। অভিভাবকের অবর্তমানে (মাইগ্রেশন/মৃত্যুজনিত কারণে) আইনগত অভিভাবক পরিচালনাকারী হিসেবে হিসাব পরিচালনা করতে পারবেন। ১৮ (আঠারো) বছর বয়স অতিক্রম হওয়ার পর পরিচালনাকারী অভিভাবকের প্রয়োজনীয়তা বিলুপ্ত হবে। (Until the account holder attains eighteen (18) years, the account shall be operated by the guardian (generally father or mother). In absence of the guardian (due to migration or death), a legally appointed guardian may operate the account. When the account holder reaches the age of eighteen (18) years, guardian operation shall cease.)

iii) হিসাবধারীর ১৮ (আঠারো) বছর বয়স পূর্ণ হওয়ার পর হিসাব নম্বর অপরিবর্তিত রেখে হিসাবটি সাধারণ সঞ্চয়ী হিসাবে স্থানান্তর হবে। (Upon completion of eighteen (18) years, the account shall be converted into a regular savings account without change of account number.)

iv) নাবালক এবং পরিচালনাকারী অভিভাবক ব্যতীত অন্য কাউকে নমিনি প্রদান করতে হবে এবং পরিচালনাকারী অভিভাবকের লিখিত আবেদনের প্রেক্ষিতে প্রয়োজনীয় পরিবর্তন করা যাবে। (A nominee other than the operating guardian and the minor account holder, must be appointed. Changes may be made upon written application by the guardian.)

v) দুরন্ত হিসাবে চেকবই/এটিএম কার্ড প্রদান করা যাবে। এক্ষেত্রে পরিচালনাকারী অভিভাবকই চেকবই/কার্ডের পরিচালনাকারী হবেন। (Cheque books and ATM cards may be issued against Duronto account. In that case the operating guardian shall use such instruments.)

৩১. ধরে নেওয়া হবে যে ব্যাংক এশিয়া ডেবিট কার্ডের জন্য আবেদনকারী বা এর ব্যবহারকারী নিম্নলিখিত শর্তাবলী, বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা, পেমেন্ট স্কিমের নিয়মাবলি এবং বাংলাদেশে প্রযোজ্য আইন মেনে চলতে সম্মত আছেনঃ (It shall be deemed that by applying for or using a Bank Asia Debit Card, the account holder agrees to comply with the below terms and conditions along with Bangladesh Bank directives, payment scheme rules and applicable laws of Bangladesh):

i) সকল ডেবিট কার্ড লেনদেন নির্ধারিত হিসাব থেকে কর্তন করা হবে। (All Debit Card transactions will be debited from the designated account.)

ii) ডেবিট কার্ড ব্যাংকের সম্পত্তি। ব্যাংকের অনুরোধে কার্ড ফেরত দিতে হবে এবং ব্যাংক নিজ বিবেচনায় কার্ড স্থগিত, বাতিল, প্রত্যাহার বা নবায়ন করতে পারবে। প্রয়োজন অনুযায়ী ব্যাংক যেকোনো সময় লেনদেনের সীমা নির্ধারণ, পরিবর্তন বা বাতিল করতে পারে। (The Debit Card is Bank's property, it must be returned on demand and may be suspended, canceled, withdrawn or renewed at the Bank's own discretion. The Bank may set, modify or withdraw transaction limits as per regulatory and risk requirements.)

iii) কার্ডটি হস্তান্তরযোগ্য নয় এবং শুধুমাত্র নামযুক্ত কার্ডধারীই বৈধ কাজে এটি ব্যবহার করতে পারবেন। (The Card is non-transferable and may be used only by the named card holder for lawful purposes.)

iv) কার্ডধারীকে কার্ড এবং সংশ্লিষ্ট সকল নিরাপত্তা তথ্য (PIN, CVV, OTP) সম্পূর্ণ গোপন রাখতে হবে। (The Cardholder must keep the Card and all security credentials [PIN, CVV, OTP etc.] strictly confidential.)

v) ব্যাংক কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ইস্যুকৃত ডেবিট কার্ড সংগ্রহ করতে হবে। নির্ধারিত সময়ে সংগ্রহ না করলে ব্যাংক কার্ডটি বাতিল বা ধ্বংস করতে পারে। (The Cardholder must collect the issued Debit Card within the Bank-specified timeframe, otherwise the Bank may cancel or destroy the uncollected Card.)

vi) কার্ড হারিয়ে গেলে, চুরি হলে, অপব্যবহারের সন্দেহ হলে বা নিরাপত্তা তথ্য ফাঁস হলে কার্ডধারীকে অবিলম্বে ব্যাংককে জানাতে হবে। ব্যাংককে জানানো পূর্বে সংঘটিত সকল লেনদেনের দায় কার্ডধারীর উপর বর্তাবে। (In case of lost, theft, suspected misuse or credential compromise, the Cardholder must immediately notify the Bank and remains liable for all transactions made prior to such notification.)

৩২. ধরে নেওয়া হবে যে ব্যাংক এশিয়া ইন্টারনেট ব্যাংকিং/স্মার্ট অ্যাপ ব্যবহারকারী বা এর জন্য আবেদনকারী নিম্নলিখিত শর্তাবলী মেনে চলতে সম্মত আছেনঃ (It shall be deemed that by using or applying for Bank Asia Internet Banking/SMART App, the Account Holder agrees to comply with the below Terms and Conditions:)

i) ব্যবহারকারী নিজ নিজ ইউজার আইডি ও পাসওয়ার্ড গোপন রাখার জন্য এবং সংশ্লিষ্ট হিসাবে সংঘটিত সকল লেনদেনের জন্য দায়ী থাকবেন। (Users are responsible for keeping their User IDs and Passwords confidential and for all transactions on the connected accounts.)

ii) গ্রাহককে নিশ্চিত করতে হবে যে তাঁর ডিভাইস নিরাপদ এবং ম্যালওয়্যার বা ভাইরাসমুক্ত। ইন্টারনেট ব্যাংকিং-এ লগইন তথ্য অননুমোদিত ব্যবহারের হাত থেকে রক্ষার জন্য সকল প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করতে হবে। হিসাবের নিরাপত্তা বিঘ্নিত হওয়ার কারণে সংঘটিত অননুমোদিত লেনদেনজনিত ক্ষতির জন্য ব্যাংক দায়ী থাকবে না। (Customers must ensure that their devices are secure and free from malware or viruses. They must take all precautions to prevent unauthorized access to Internet Banking credentials. The Bank is not liable for losses from unauthorized transactions due to compromised account security.)

iii) অননুমোদিত প্রবেশ বা নিরাপত্তা লঙ্ঘনের ঘটনা ঘটলে অবিলম্বে ব্যাংককে জানাতে হবে। (Customers must notify the Bank immediately of any unauthorized access or security breach.)

iv) ইন্টারনেট ব্যাংকিং-এর মাধ্যমে সংঘটিত যেকোনো লেনদেনের ফি, চার্জ বা কর সংযুক্ত যেকোনো হিসাব থেকে কর্তন করা হবে। (Any charges, fees, or taxes from Internet Banking transactions will be debited from any of the connected accounts.)

v) জালিয়াতি, অপব্যবহার বা শর্তাবলি লঙ্ঘনের সন্দেহ হলে ব্যাংক ইন্টারনেট ব্যাংকিং সেবা স্থগিত বা বাতিল করতে পারে। (The Bank may suspend or terminate Internet Banking access if fraudulent activity, misuse or breach of terms is suspected.)

৩৩. এই হিসাবের সাথে লিংক করে ডিপোজিট স্কিম/মেয়াদী আমানত হিসাব খোলা যাবে। এক্ষেত্রে ঐ সকল স্কিম/মেয়াদী আমানত হিসাবের সুনির্দিষ্ট নিয়মাবলী প্রযোজ্য হবে। (Scheme or term deposit accounts may be linked to this account, subject to the respective terms and conditions of those products.)

৩৪. নির্ধারিত সময় পর্যন্ত লেনদেন না হলে (চলতি এবং এস এন ডি হিসাবের ক্ষেত্রে ১ বছর; সঞ্চয়ী হিসাবের ক্ষেত্রে ২ বছর) হিসাব নিষ্ক্রিয় হিসেবে গণ্য হতে পারে এবং তা ব্যাংকের নীতিমালা অনুযায়ী পুনরায় সক্রিয় করা যাবে। (Accounts with no transactions for a specified period [1 year for current & SND account; 2 years for savings account] may be classified as dormant and reactivated as per the Bank's policy.)

৩৫. কোন হিসাবে ১০ (দশ) বছর ও তদূর্ধ্ব মেয়াদ পর্যন্ত লেনদেন না হলে সংশ্লিষ্ট হিসাবটি 'অদাবীকৃত' গণ্য করে ব্যাংক কোম্পানি আইন' ১৯৯১ এর ৩৫ ধারা পরিপালনকল্পে উক্ত হিসাবটি বন্ধ করে এর সমুদয় স্থিতি বাংলাদেশ ব্যাংকে স্থানান্তর করে দেওয়া হবে। (If an account remains inoperative for a period of 10 (ten) years or more, it shall be treated as an unclaimed account. In compliance with Section 35 of the Bank Company Act' 1991, the entire balance of such an account will be transferred to Bangladesh Bank after closing the account.)

৩৬. কোনরূপ কারণ দর্শানো অথবা পূর্ব ধারণা ব্যতীত ব্যাংক প্রচলিত নিয়মাবলী পরিবর্তন, পরিবর্ধনের অধিকার রাখে। (The bank reserves the right to amend or modify these terms and conditions at any time without any prior notice.)

.........................
গ্রাহকের স্বাক্ষর ও তারিখ
(Signature of the customer with date)